দৈনিক ইনকিলাব

তারিখ 15 JUL 2013
পৃষ্ঠা ... কলাম ...

শিশুদের স্কুলে ভর্তিতে বাংলাদেশ এখন বিশ্বে মডেল হয়েছে -শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার : শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিশুদের স্কুলে ভর্তিতে বাংলাদেশ এখন বিশ্ব মডেলে পরিণত হয়েছে। সবার জন্য শিক্ষা কর্মসূচিতে ২০১৫ সালের মধ্যে শতভাগ শিশুকে স্কুলে ভর্তি করার লক্ষ্যমাত্রা নির্ধারিত থাকলেও বাংলাদেশ ২০১২ সালের মধ্যে তা অর্জন করেছে। প্রাথমিকের পাশাপাশি মাধ্যমিক স্তরেও ছাত্রছাত্রী সংখ্যা সমতা অর্জন সম্ভব হয়েছে। গতকাল (রোববার) ব্যানবেইস ভবনে বাংলাদেশ ন্যাশনাল কমিশন ফর ইউনেস্কো (বিএনসিইউ) কনফারেন্স হলে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি একথা বলেন। ইসলামিক এডুকেশনাল সায়েন্টিফিক অ্যান্ড কালচারাল অরগানাইজেশন (আইসেসকো) এবং বিএনসিইউ যৌথ আয়োজিত 'গণসাক্ষরতা ও উপানুষ্ঠানিক শিক্ষায় সাফল্যজনক অভিজ্ঞতা ও সর্বোত্তম কর্মপন্থা' বিষয়ে ইউনেস্কোর চার দিনব্যাপী আঞ্চলিক বৈঠকের উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করে।

শিক্ষাসচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে আইসেসকো প্রতিনিধি ড. সিতৌ সিসে, শিক্ষা মন্ত্রণালয় যুগ্ম-সচিব মো. রফিকুজ্জামান, বিএনসিইউ'র সচিব মো. মনজুর হোসেন বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, স্বাধীনতার পর ৭৩ হাজারের অধিক প্রাথমিক স্কুলকে জাতীয়করণ করেছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। সম্প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা আরো ২৬ হাজার প্রতিষ্ঠান জাতীয়করণ করেছেন। উপানুষ্ঠানিক শিক্ষা চালু করা হয়েছে। ছাত্রছাত্রীদেরকে উপবৃত্তি দেয়া হচ্ছে। তিনি বলেন, বর্তমান সরকারের সময়ে শিক্ষার্থী ঝরে পড়া রোধ করা, সর্বস্তরে শিক্ষার মান বৃদ্ধি করাসহ বেশকিছু চ্যালেঞ্জ রয়েছে। এসব চ্যালেঞ্জ উত্তরণে প্রচেষ্টা অব্যাহত আছে। তিনি শিক্ষায় সফলতা অর্জনে দেশের সকল মহলের অব্যাহত সহযোগিতার পাশাপাশি দেশি-বিদেশি সফলতা-অভিজ্ঞতা বিনিময়ের ওপর গুরুত্বারোপ করেন। আইসেসকোর এ আঞ্চলিক সভায় ৫টি দেশের ১৪ জন প্রতিনিধি অংশগ্রহণ করেছেন। এরমধ্যে পাকিস্তান, ইরান, বাংলাদেশ, ব্রুনে দারুস-সালামের একজন করে প্রতিনিধি আছে।